যুগান্তর

তারিখ ..08 OCT 2016......
পৃষ্ঠা ১৮ কলাম ৩......

# প্রধান শিক্ষককে স্কুল থেকে বের করে তালা দিলেন ইউএনও

**পাথরঘাটা (বরগুনা) প্রতিনিধি**

বরগুনার পাথরঘাটা কেএম মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ এনে নব নিয়োগকারী প্রধান শিক্ষক নুর আলমকে স্কুল থেকে বের করে দেয়ার অভিযোগ পাওয়া গেছে। বৃহস্পতিবার দুপুরে পাথরঘাটা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ইকবাল হোসেন প্রধান শিক্ষকের কাছ থেকে তার কক্ষে থাকা স্টিলের আলমারির চাবি ও বিভিন্ন কাগজপত্র উদ্ধার করে তার কক্ষে তালা দিয়ে তাকে বের করে দেন। ইউএনও ঘটনার সত্যতা স্বীকার করে জানান, স্কুলের শান্তিশৃংখলা ফিরিয়ে আনতেই তিনি এ কাজটি করেছেন।

কেএম স্কুলের সহকারী প্রধান শিক্ষক বীরেন বিএসসি জানান, ২০১৩ সালের ডিসেম্বর মাসে পাথরঘাটা কেএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অবসরে যাওয়ার পর পদটি শূন্য হয়ে যায়। সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন সময় পত্রিকায় প্রধান শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি দিলেও স্কুল পরিচালনা কমিটির অন্তঃকোন্দন কারণে নিয়োগ দেয়া হয়নি। পরে স্কুল পরিচালনা কমিটির মেয়াদ শেষ হওয়ার আগ মুহূর্তে ৪ মে ২০১৬ তারিখ স্কুল পরিচালনা কমিটি নিয়োগ প্রক্রিয়া যথাযথ না মেনে নুর আলমকে নিয়োগ দেয়। বিষয়টি অন্য শিক্ষকরা মানতে না পাড়ায় তাদের নিজেদের মধ্যে অন্তঃকলহ শুরু হয়। বিষয়টি প্রশাসনের নজরে এলে টিএনও এই ব্যবস্থা নিয়েছেন। পাথরঘাটা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোস্তফা আলম জানান, পাথরঘাটা কেএম মাধ্যমিক বিদ্যালয় নিয়োগ প্রক্রিয়ার নিয়ম অনুযায়ী পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পর ইন্টারভিউ বোর্ডে জাহাঙ্গীর হোসেন প্রথম স্থান অধিকার করেন। তাকে নিয়োগ না দিয়ে নুর আলমকে নিয়োগ দেয়ায় প্রধান শিক্ষক হিসেবে তিনি অবৈধভাবে স্কুলের সব সুযোগ-সুবিধা ভোগ করছেন। এ ব্যাপারে নুর আলম জানান, আমি বৈধভাবেই নিয়োগ নিয়েছি। কিছু প্রভাবশালী মহল ইউএনওকে ভুল বুঝিয়ে আমাকে স্কুল থেকে বের করে দেয়া হয়েছে।